গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যাঃ ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৫.১৫-২৫৪

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১
০৬ মে ২০২৪

বিষয়ঃ গাজীপুর সিটি কর্পোরেশনে দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োগকৃত শ্রমিকের মেয়াদ বৃদ্ধিকরণ।

সূত্র: (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের স্মারক নম্বর: ৪৬.১৯.০০০০.০০৪.১১.০৪৭.২০.১৭৮৯ (সং), তারিখ: ১৭ এপ্রিল ২০২৪।
(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৫.২০১৫-১০৪, তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশনের চাহিদার পরিপ্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনের দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োগকৃত ২২৮ (দুইশত আটাশ) জন শ্রমিকের নিয়োগের মেয়াদ ২৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে আরোও ০১ (এক) বছর বৃদ্ধি করা হলোঃ

**শর্তাবলিঃ**

১। শুধুমাত্র শ্রমিক ক্যাটাগরির পদের বিপরীতে জরুরি প্রয়োজনে দৈনিক মজুরীর ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে;
২। জরুরি প্রয়োজনে প্রকৃত চাহিদার আলোকে দৈনিকভিত্তিতে শ্রমিক নিয়োগ করতে হবে, কোনক্রমেই জরুরি প্রয়োজন ছাড়া এবং অনুমোদিত সংখ্যার অতিরিক্ত শ্রমিক নিয়োগ করা যাবে না;
৩। দৈনিক মজুরীর হারে মাসিক ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে না;
৪। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১২/১০/২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-১)-৯৩ নম্বর পত্রের নির্দেশনা অনুযায়ী শ্রমিকের মজুরী পরিশোধসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন করতে হবে;
৫। গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব আয় থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
৬। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
৭। এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
৮। বর্ণিত শ্রমিক নিয়োগের সময়সীমা সর্বোচ্চ আগামী ১ (এক) বছর।

০৬/০৫/২০২৪

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

অনুলিপি:

০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
০৬। অফিস কপি।